৪

দৈনিক জনকণ্ঠ

তারিখ 12 JUL 1997
পৃষ্ঠা ৪ কলাম ৪

যে কোন মুহূর্তে সংঘর্ষের আশংকা

# সিলেটে মাদ্রাসার আধিপত্য বিস্তার নিয়ে উত্তেজনা

**স্টাফ রিপোর্টার, সিলেট অফিস ॥** সিলেটের গোলাপগঞ্জ থানার ঢাকা উত্তর রান পিং মাদ্রাসায় দু'পক্ষের আধিপত্য বিস্তার নিয়ে এখন তীব্র উত্তেজনা বিরাজ করছে। এ নিয়ে যে কোন সময় রক্তক্ষয়ী সংঘর্ষের আশঙ্কা রয়েছে। রাজনৈতিক ফায়দা হাসিলের লক্ষ্যে নিজেদের প্রভাব বিস্তারের কারণে মাদ্রাসার শিক্ষক-ছাত্রদের মধ্যে বিভক্তি সৃষ্টি করা হয়েছে। মজলিসে সুরার সদস্যরা দু'ভাগে বিভক্ত হয়ে এক পক্ষ অপর পক্ষকে বহিষ্কার পাল্টা বহিষ্কার করছে। বর্তমানে এক পক্ষ মাদ্রাসার নিয়ন্ত্রণ নিয়ে ভিতরে অবস্থান করছে। অপর পক্ষ বাইরে রয়েছে। যে কোন সময় বাইরে অবস্থানকারী পক্ষ মাদ্রাসা দখলে যেতে পারে। এনিয়ে এলাকায় তীব্র উত্তেজনা বিরাজ করছে।

গত ৬ জুলাই এক পক্ষ মাদ্রাসায় অবস্থান নিয়ে এডহক কমিটির সদস্যদের উপস্থিতিতে বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে এক সভার আয়োজন করে। অপরদিকে অপর পক্ষ ৮ জুলাই রানাপিং বাজারস্থ একটি কমিউনিটি সেন্টারে এক সভা আহ্বান করে। মৌলানা আজিজের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ২২ জুন গঠিত মজলিসে সুরার কমিটির প্রতি সমর্থন জানানো হয় এবং মজলিসে সুরার ৯ সদস্যকে মজলিসে সুরা থেকে বহিষ্কার ও সন্ত্রাসীর অভিযোগে মাদ্রাসার প্রিন্সিপালসহ ৮ শিক্ষককে দোষী সাব্যস্ত করে মাদ্রাসা থেকে বহিষ্কারের সিদ্ধান্ত নেয়া হয়।

মজলিসে সুরার বহিষ্কৃত ৯ সদস্যের পরিবর্তে নতুন ৯ সদস্যকে অন্তর্ভুক্ত করা হয়। সভায় নিয়ম-শৃঙ্খলা ভঙ্গকারী ছাত্রদের চিহ্নিত করে আইনগত ব্যবস্থা নেয়ার জন্য মুহতামিম হাফিজ মাওলানা আনোয়ার হোসেনকে আহ্বায়ক করে ৩ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। ১০ দিনের মধ্যে সন্ত্রাসীদের গ্রেফতার করা না হলে বৃহত্তর আন্দোলনের কর্মসূচী ঘোষণা করা হবে বলে সভায় সিদ্ধান্ত নেয়া হয়।

SHEET —— OF —— SHEETS